দৈনিক ইনকিলাব

24 JUL 1997

তারিখ ... 24 JUL 1997 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৩ ...

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিএড পরীক্ষার ফল প্রকাশ

গাজীপুর থেকে স্টাফ রিপোর্টার ঃ ১৯৯৬ সালের জুনে অনুষ্ঠিত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিএড কোর্সের ৩টি ব্যাচের চূড়ান্ত পরীক্ষার ফলাফল গতকাল (বুধবার) প্রকাশিত হয়েছে। ১৯৯৪ সালের বিএড কোর্সে মোট ৩৭৩২ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেন। তার মধ্যে ৫৪ জন প্রথম বিভাগে, ১৩৩০ জন উচ্চতর দ্বিতীয় এবং ৪৬৭ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন। এই ব্যাচের পাসের হার শতকরা ৪৯.৫০ ভাগ। এই ব্যাচে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছেন রংপুর শিক্ষক প্রশিক্ষণ কলেজের শিক্ষার্থী তাপস কুমার চক্রবর্তী। তার রোল নং-৯৪০০৯৩৫১। দ্বিতীয় স্থান অধিকার করেছেন খুলনা শিক্ষক প্রশিক্ষণ কলেজের শিক্ষার্থী বিকাশ কুমার সেন। তার রোল নং-৯৪০০৬১৯৩ এবং তৃতীয় স্থান অধিকার করেছেন রাজশাহী শিক্ষক প্রশিক্ষণ কলেজের শিক্ষার্থী মোঃ সমেজ আলী। তার রোল নং-৯৪০০৮০৮৩। ১৯৯৩ সালের ব্যাচের মোট ১১৫১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেন। তার মধ্যে মোট ৫৫২ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। এই ব্যাচের পাসের হার শতকরা ৪৭.৯৬ ভাগ। ১৯৯২ সালের ব্যাচে মোট ১৩২ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেন। তার মধ্যে মোট ৬৭ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। এই ব্যাচের পাসের হার শতকরা ৫০.৭৬ ভাগ। গতকাল বিশ্ববিদ্যালয়ের ১০টি আঞ্চলিক কেন্দ্র থেকে একযোগে এই ফলাফল প্রকাশিত হয়েছে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষীয় সূত্র জানিয়েছে।